

## দেশের উচ্চশিক্ষা ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধিতে আগ্রহী ভারত

যাযায়দি রিপোর্ট

দেশের বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে উচ্চশিক্ষা ক্ষেত্রে বিশেষত বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবনী শিক্ষার সম্প্রসারণে শক্তিশালী ও নিবিড় সহযোগিতা স্থাপনে আগ্রহ প্রকাশ করেছে ভারত। মঙ্গলবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. এ কে আজাদ চৌধুরীর সঙ্গে এক সৌজন্য সাক্ষাতে ভারতীয় হাই কমিশনার পঙ্কজ সরণ এ আগ্রহ প্রকাশ করেন। এ সময় তারা দুই দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পর্যায়ের এল্গেব্রা ডিজিটের প্রয়োজনীয়তার ব্যাপারে একমত পোষণ করেন। এছাড়া তারা ভারতের বিশ্ববিদ্যালয়গুলোয় বাংলাদেশি শিক্ষার্থীদের এমএস ও পিএইচডি ফেলোশিপ ও স্কলারশিপের সুযোগ বৃদ্ধির ব্যাপারেও একমত হন। বাংলাদেশে কুদ্র প্রকল্পের জন্য বরাদ্দকৃত ৫০০ কোটি টাকার সাহায্য তহবিল থেকে উচ্চশিক্ষার জন্য অর্থ সংস্থানের ব্যাপারেও ভারতীয় হাই কমিশনার আগ্রহ প্রকাশ করেন। তিনি শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশের বর্তমান সরকার যে অভাবনীয় অগ্রগতি ও সাফল্য অর্জন করেছে তার প্রশংসা করেন।

এছাড়া ভারতের দিল্লির সাউথ এশিয়ান ইউনিভার্সিটিতে (সার্ক বিশ্ববিদ্যালয়) পর্যাপ্ত সংখ্যক বাংলাদেশি শিক্ষার্থী ভর্তি হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং এর প্রশংসা করে বলেন, সার্কভূক্ত দেশগুলো বিশেষ করে ভারত বিশ্ববিদ্যালয়টিকে একটি বিশ্বমানের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে চায়। এ ক্ষেত্রে বাংলাদেশের সক্রিয় ভূমিকা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া তিনি ভারতে সর্দা প্রতিষ্ঠিত নালন্দা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের সক্রিয় সহযোগিতা ও অংশগ্রহণও প্রত্যাশা করেন, যার সভাপতির দায়িত্বে রয়েছেন ভারতের নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. অমর্ত্য সেন। ইউজিসি চেয়ারম্যান উচ্চশিক্ষা ক্ষেত্রে ভারতের সঙ্গে বাংলাদেশের সহযোগিতা, বিনিময় ও অংশগ্রহণ বৃদ্ধিতে সব ধরনের সহযোগিতা প্রদানের ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, সহযোগিতা ও শিক্ষা-সংস্কৃতির বিনিময় বৃদ্ধির অংশ হিসেবে বাংলাদেশ ইতোমধ্যেই ভারতের শাণ্ডি নিকেতনে 'বাংলাদেশ ভবন' নামে একটি ভবন নির্মাণ করতে যাচ্ছে।